



২৪ ঘণ্টায় হাম আক্রান্তে রেকর্ড, মৃত্যু আরও ৮ শিশুর



সংগৃহীত ছবি

দেশে হাম পরিস্থিতি দ্রুত অবনতির দিকে যাচ্ছে। গত ২৪ ঘণ্টায় শিশু আক্রান্তের সংখ্যা একদিনে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে।

শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত ১,৫৬৪ জন শিশুর মধ্যে হাম বা উপসর্গ শনাক্ত হয়েছে। এর মধ্যে ১৪৩ জনের ক্ষেত্রে রোগটি নিশ্চিত, আর ১,৪২১ জনকে সন্দেহভাজন হিসেবে ধরা হয়েছে।

একই সময়ে হাম ও এর উপসর্গে আরও ৮ শিশুর মৃত্যু হয়েছে। তাদের মধ্যে একজনের শরীরে নিশ্চিতভাবে হাম শনাক্ত করা হয়েছিল। রোববার (২৬ এপ্রিল) স্বাস্থ্য অধিদফতরের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

স্বাস্থ্য অধিদফতরের হিসাব অনুযায়ী, ১৫ মার্চ থেকে ২৬ এপ্রিল পর্যন্ত নিশ্চিত হামে ৪৩ জন এবং সন্দেহভাজন হিসেবে ২১৬ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে মোট সন্দেহভাজন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩২,০২৮ জনে, আর নিশ্চিত আক্রান্তের সংখ্যা ৪,৬০৩।